তারিখ 12 MAY 2016
পৃষ্ঠা ২ ৬ কলাম ২

দৈনিক
ইত্তেফাক



রাজশাহী: রাজশাহীর হেলেনাবাদ বালিকা উচ্চ বিদ্যালয়ের জিপিএ-৫ প্রাপ্তদের একাংশের উল্লাস —ইত্তেফাক

# রাজশাহী বোর্ডে পাসের হার ও জিপিএ-৫ বেড়েছে

■ স্টাফ রিপোর্টার, রাজশাহী

রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এবার এসএসসি পরীক্ষায় পাসের হার ও জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যা বেড়েছে। এ বছর রাজশাহী বোর্ডে পাসের হার ৯৫ দশমিক ৭০ শতাংশ। গত বছর যা ছিল ৯৪ দশমিক ৯৭ শতাংশ। গতবারের চেয়ে এ বছর পাসের হার দশমিক ৭৩ শতাংশ বেড়েছে।

এদিকে এ বছর পাসের হারের পাশাপাশি জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যাও বেড়েছে। চলতি বছর এ বোর্ডে জিপিএ ৫ পেয়েছে ১৭ হাজার ৫৯৪ পরীক্ষার্থী। গত বছর জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যা ছিল ১৫ হাজার ৮৭৩ জন। বুধবার দুপুরে রাজশাহী শিক্ষাবোর্ডের সভাকক্ষে সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে এ ফলাফল ঘোষণা করেন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর সামসুল কালাম আজাদ।

সম্মেলনে প্রফেসর সামসুল কালাম আজাদ জানান, এবার রাজশাহী বোর্ডে মোট দুই হাজার ৬১৩টি স্কুলের এক লাখ ৫২ হাজার ৭৮৩ জন শিক্ষার্থীর মধ্যে এক লাখ ৫২ হাজার ৫৬ জন এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে পাস করেছে এক লাখ ৪৫ হাজার ৫১৮ জন।

এবার পাসের হারে ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে রয়েছে। এবার মেয়েদের পাসের হার ৯৫ দশমিক ৮৭ শতাংশ এবং ছেলেদের পাসের হার ৯৫ দশমিক ৫৫ শতাংশ। গতবার যা মেয়েদের ছিল ৯৫ দশমিক ০৯ শতাংশ এবং ৯৪ দশমিক ৮৬ শতাংশ ছিল ছেলেদের। এর আগে ২০১৪ সালে মেয়েদের পাসের হার ছিল ৯৬ দশমিক ৫০ শতাংশ। আর ছেলেদের পাসের হার ছিল ৯৬ দশমিক ১৯ শতাংশ।

তবে জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যার দিক থেকে এবারো এগিয়ে রয়েছে ছেলেরা। এবার ৯ হাজার ৪০৫ জন ছাত্র জিপিএ-৫ পেয়েছে এবং ছাত্রী পেয়েছে আট হাজার ১৮৯ জন। গত বছর জিপিএ-৫ প্রাপ্ত ছাত্র সংখ্যা ছিল আট হাজার ৬১২ জন এবং ছাত্রী সাত হাজার ২৬১ জন। এর আগের বছর ২০১৪ সালে এই বোর্ডে মোট ১৯ হাজার ৮১৫ জন পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছিল। এরমধ্যে ১০ হাজার ৮২৫ জন ছিলো ছাত্র এবং আট হাজার ৯৯০ জন ছাত্রী।